মেহেরপুরের সড়ক দুর্ঘটনায় নারী শিক্ষানবীস আইনজীবী মৃত্যু

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাড়াডোব নামক স্থানে দুটি মটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে এক নারী শিক্ষানবীস আইনজীবীর মৃত্যু হয়েছে। আজ বুধবার সকাল ১১ টার দিকে এ দুর্ঘটনা ঘটে।

নিহত রোমানা আক্তার মেহেরপুর শহরের কাশ্যব পাড়ার মৃত খোকন আলীর কন্যা। তিনি ঢাকা জেলা জজ আদালতে শিক্ষানবিশ আইনজীবী হিসেবে কর্মরত ছিলেন। এ দুর্ঘটনায় আহত হয়েছে আরো তিন জন।

জানা যায়, মেহেরপুর হতে গাংনী যাওয়ার পথে গাড়াডোব নামক স্থানে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা অপর একটি মোটরসাইকেলের সাথে মুখোমুখি সংঘর্ষে আহত হন ৪ জন। রোমানা আক্তার কে গুরুতর আহত অবস্থায় মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে। এ সময় বাকি তিনজনকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়েছে।

মেহেরপুর জেনারেল হাসপাতালের ইমারজেন্সি বিভাগের মেডিকেল অফিসার তারিক আহমেদ জানান, গুরুতর আঘাতের ফলে রোগীর মৃত্যু হতে পারে|

পরিবার সূত্রে জানা যায়, ব্যক্তিগত কোন কাজে মেহেরপুর থেকে গাংনীর উদ্দেশ্যে চাচাতো ভাই বাবুকে সাথে করে রওনা দেয় রোমানা আক্তার।

অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আব্দুল করিম জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে এবং দুটি মোটরসাইকেল জব্দ করা হয়েছে। প্রাথমিক তদন্ত চলমান রয়েছে। এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেয়ের বাড়ি যাওয়ার পথে সড়কে প্রাণ গেল মায়ের, আহত বাবা

মেহেরপুরে মেয়ের বাড়িতে বেড়াতে যাওয়ার সময় সড়কে চলা ড্রাম ট্রাকের চাকায় পিষ্ট হয়ে নিহত হয়েছেন দিলরুবা খাতুন(৫০) নামের এক মহিলা। আহত হয়েছেন নিহতের স্বামী মটরসাইকেল চালক সাজ্জাদ হোসেন।

আজ সোমবার সকাল সাড়ে এগারোটার দিকে বামন্দী-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের কামার বাড়ি নামক স্থানে। নিহত দিলরুবা খাতুন ও আহত সাজ্জাদ হোসেন মেহেরপুর সদর উপজেলার কলায় ডাঙা গ্রামের বাসিন্দা।

আহত সাজ্জাদ আলী বলেন, আমি আমার স্ত্রী দিলরুবা খাতুন কে মটরসাইকেল করে সঙ্গে নিয়ে আমার মেয়ের বাড়ি মোহাম্মদপুর গ্রামের উদ্দেশ্যে যাচ্ছিলাম। পথিমধ্যে বামন্দী কামার বাড়ি নামক সড়কে পৌছালে পিছন থেকে একটি ড্রাম ট্রাক এসে মটরসাইকেলে ধাক্কা মারলে দিলরুবা ছিটকে গিয়ে ট্রাকের চাকার নিচে গিয়ে পড়ে। আর আমি সড়কের আরেক পাশে পড়ে গুরুত্বর ভাবে আহত হই। আমার চোখের সামনে আমার স্ত্রীকে চাপা দিয়ে ট্রাকটি দ্রুত গতির সাথে সড়ক দিয়ে চলে গেলো।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি বনি ইসরাইল বলেন, সড়ক দুর্ঘটনায় দিলরুবা খাতুন নামের এক নারীর মৃত্যু হয়েছে। ঘটনা স্থলে পুলিশ পাঠানো হয়েছে। ঘাতক ড্রাম ট্রাকটির চালক ও গাড়িটি ধরতে পুলিশ কাজ করছে।

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় নসিমন চালক নিহত

কুষ্টিয়ার মিরপুরে ইজিবাইক ও নসিমনের মুখোমুখি সংঘর্ষে জুয়েল
(৩৫) নামে এক শ্যালো ইঞ্জিন চালিত নসিমন চালক নিহত হয়েছে।

গত শুক্রবার (১৩ ডিসেম্বর) বিকেল সাড়ে চারটার সময় কুষ্টিয়া-

চুয়াডাঙ্গা আঞ্চলিক মহাসড়কের বালুচর মোড় নামক স্থানে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

নিহত করিমন চালক জুয়েল চুয়াডাঙ্গা জেলার আলমডাংগা উপজেলার দুর্লভপুর এলাকার বাবলুর ছেলে বলে জানা গেছে।

স্থানীয় সুত্রে জানা যায়-কুষ্টিয়া থেকে ফিড বিক্রি করে খালি নসিমন নিয়ে বাড়ির উদ্দেশ্যে ফিরছিলো নসিমন চালক জুয়েল। এ সময় আলমডাঙ্গা থেকে কুষ্টিয়াগামী যাত্রীবাহী ইজিবাইক বালুচর মোড় এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা নসিমনের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে নসিমন চালক জুয়েল গুরুতর আহত হলে তাকে চিকিৎসার উদ্দেশ্যে কুষ্টিয়া সদর হাসপাতালে নিয়ে আসলে ভর্তি।করলে চিকিৎসাদীন অবস্থায় রাতে তার মৃত্যু হয়।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মমিনুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন।

মেহেরপুরে মাইক্রোবাসের ধাক্কায় প্রাণ গেল যুবকের

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের রাজনগরে মাইক্রোবাসের ধাক্কায় নাহিদুজ্জমান (৩০) নামের এক যুবক নিহত হয়েছেন।

গতকাল শুক্রবার (৮ নভেম্বর) দিবাগত রাত ১১ টার দিকে ওই সড়কের সদর উপজেলার রাজনগরে এই দুর্ঘটনা ঘটে।

নিহত নাহিদুজ্জামান রাজনগর মোল্লাপাড়া এলাকার সামসুল হকের ছেলে।

মেহেরপুর সদর থানর ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আমানুল্লাহ আল বারী এই তথ্য নিশ্চিত করেন।

আরও পড়ুন মেহেরপুর পৌর গোল্ড কাপ ক্রিকেট টুর্নামেন্ট অংশগ্রহণের লক্ষে প্রস্তুতি সভা

স্থানীয়রা জানান, রাত ১১ টার দিকে নিহত নাহিদুজ্জামান রাস্তার পাশে দাঁড়িয়ে ছলেন। এসময় মেহেরপুর থেকে চুয়াডাঙ্গার দিকে যাওয়া দ্রুতগামী একটি মাইক্রোবাস তাঁকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়।

নাহিদুজ্জামান মাইক্রোবাসের ধাক্কায় রাস্তার উপর ছিটকে পড়ে গুরুতর আহত হন। আহতাবস্থায় তাঁকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

আরও পড়ুন মেহেরপুরে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত

মেহেরপুর জেনারেল হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক জানান, অতিরিক্ত রক্তক্ষরণে তার মৃত্যু হয়েছে।

ওসি আমানুল্লাহ আল বারী বলেন, পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় নিহতের মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় আলমসাধু চালকের মৃত্যু

ঝিনাইদহ সদর উপজেলার নগর বাথান ঘোষপাড়ায় সড়ক দুর্ঘটনায় শের আলী
(৫৫) নামের এক আলমসাধু চালকের মৃত্যু হয়েছে।

আজ সোমবার ভোরে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের নগরবাথান এলাকার ঘোষপাড়ায় এ দুর্ঘটনা ঘটে। নিহত শের আলী শহরের কাঞ্চনপুর গ্রামের মধ্যপাড়ার মৃত বাবর আলী জোয়ার্দ্দারের ছেলে।

নিহতের ভাতিজা ঠান্ডু জোয়ার্দ্দার জানান, ভোরে শের আলী তার আলমসাধু নিয়ে নগরবাথান বাজারের দিকে যাচ্ছিলো। পথিমধ্যে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের নগরবাথান ঘোষপাড়া এলাকায় পৌঁছালে অপর একটি আলমসাধুর সাথে তার সংঘর্ষ হয়। এতে রাস্তায় ছিটকে পড়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

ঝিনাইদহ সদর হাসপাতালের জরুরী বিভাগের চিকিৎসক ডা: তাপস বিশ্বাস বলেন, শের আলীকে আমরা মৃত অবস্থায় পেয়েছি। দুর্ঘটনার কারণে মাথায় আঘাত পেয়েছে। ইন্টারনাল রক্তক্ষরনের কারণে তার মৃত্যু হয়েছে বলে প্রাথমিক ভাবে ধারণা করা হচ্ছে।

ঝিনাইদহ হাইওয়ে থানার এস আই আব্দুর রহমান বলেন, পরিবারের পক্ষ থেকে অভিযোগ না থাকায় মরদেহ তাদের কাছে হস্তান্তর করা হয়েছে।

অসুস্থ মাকে দেখে বাড়ি ফেরা হলো না ছেলের

মেহেরপুরে হাসপাতালে অসুস্থ মাকে দেখে বাড়ি ফেরার পথে সড়ক দুর্ঘটনায় আব্দুল হালিম (৪৫) নামের এক ব্যক্তি নিহত হয়েছেন।

এঘটনায় আহত হয়েছেন তার ছোট বোন পলি খাতুন (২৫)। সে বর্তমানে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

নিহত আব্দুল হালিম মেহেরপুর সদর উপজেলার ইসলামনগর গ্রামের শিশিরপাড়া এলাকার মৃত আব্দুল মান্নানের ছেলে।

আজ বুধবার (৩০ অক্টোবর) সকাল ৮ টার দিকে ঢাকা মেডিকেলে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আমানুল্লাহ আল বারী এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, গত ২৯ অক্টোবর সন্ধ্যার দিকে মেহেরপুরের একটি ক্লিনিকে চিকিৎসাধীন মাকে দেখে ভাই বোন মোটরসাইকেল যোগে বাড়ি ফিরছিলেন। আমঝুপি উত্তরপাড়ার সেকেন্দার আলীর গোডাউনের সামনে পৌছানো মাত্র পেছন থেকে পশু খাদ্যের বস্তাসহ আসা অপর একটি মোটরসাইকেল ওভারটেক করে। এসময় বস্তায় বেঁধে নিহত হালিমের মোটরসাইকেলটি পাকা রাস্তার উপর ছিটকে পড়ে। এতে আব্দুল হালিম ও তার ছোট বোন পলি খাতুন (২৫) গুরুতর আহত হন। স্থানীয়রা তাদের

উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেন।

সেখানে আব্দুল হালিমের অবস্থা আশংকাজনক হওয়ায় কর্তব্যরত চিকিৎসক তাঁকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। সেখান থেকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল রেফার্ড করেন চিকিৎসক। আজ সকালের দিকে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। নিহত আব্দুল হালিম তিন কন্যা সন্তানের জনক।

গাংনীতে মোটরসাইকেল ও ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষ, প্রাণ হারালেন যুবক

মেহেরপুরের গাংনীতে মোটরসাইকেল ও ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষে লিখন হোসেন (২৮) নামের এক যুবকের মৃত্যু হয়েছে।

শুক্রবার দুপুর ১২ টার দিকে গাংনী-কাথুলী সড়কের চৌগাছা এলাকার এ দুর্ঘটনা ঘটে। নিহত লিখন হোসেন ষোলটাকা গ্রামের রহিদুল ইসলামের ছেলে। এঘটনায় আটোবাইক চালক আহত হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, লিখন হোসেন মোটরসাইকেল যোগে গাংনী থেকে সাহারবাটি যাচ্ছিলেন এবং অপরদিক থেকে গাংনী গামী একটি ইজিবাইক চৌগাছাতে পৌছালে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে লিখন হোসেন গুরুত্বর আহত হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। সেখানে অবস্থার অবনতি হওয়ায় কর্তব্যরত চিকিৎসক মাসুদুর রহমান তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। কুষ্টিয়াতে তার অবস্থার আরো অবনতি হলে চিকিৎসক তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করে। এ্যাম্বুলেন্স যোগে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা নিতে যাওয়ার সময় পাবনা জেলার রুপপুর এলাকায় পৌছানোর পর তার মৃত্যু হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বনি ইসরাইল জানান, দুর্ঘটনার

সংবাদ পেয়ে পুলিশ পাঠানো হয়েছে। পরবর্তীতে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় স্কুল ছাত্র নিহত

মেহেরপুর সদর উপজেলার শালিকা গ্রামে সড়ক দুর্ঘটনায় স্কুল ছাত্র দুলাল হোসেনের (১৫) মৃত্যু হয়েছে। সে মুজিবনগর উপজেলার রামনগর গ্রামের মদন আলীর ছেলে।

গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে ১০ টার দিকে শালিকা থেকে মুজিবনগর যাওয়ার পথে গাছের সাথে ধাক্কা লেগে এ দুর্ঘটনা ঘটে। এ সময় বাইকে থাকা যমজ ভাই আলাল হোসেন ও বন্ধু আবু সাঈদ আহত হয়। আলাল ও দুলাল কেদারগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজের দশম শ্রেণীর ছাত্র।

আবু সাঈদ জানায় , তিনজন শালিকা গ্রামের বন্ধু বিদ্যুতের বাড়িতে দাওয়াত খেতে গিয়েছিল। সেখান থেকে ফেরার পথে আজিমুদ্দিনের ভাটার কাছে পৌঁছলে গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা লাগে। সেখানে আহত অবস্থায় পড়ে থাকতে দেখে স্থানীয় ও পথচারীরা হাসপাতালে নিয়ে আসে। হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক দুলাল হোসেনকে মৃত বলে ঘোষণা করে।

ইমারজেন্সি মেডিকেল অফিসার তারেক হোসেন জানান, দুলাল হোসেনকে মৃত অবস্থায় পাওয়া গেছে। আহত বাকি দুজনকে প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়েছে

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কনি মিয়া জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। তদন্ত সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরের ফতেপুরে মাইক্রোবাসের ধাক্কায় ভ্যানচালকের প্রাণহানি

মেহেরপুর সদর উপজেলার ফতেপুরে ইটভাটার কাছে মাইক্রোবাসের ধাক্কায় সানোয়ার হোসেন (৫০) নামের এক ভ্যান চালকের মৃত্যু হয়েছে।

আজ মঙ্গলবার রাত ৭টার দিকে মর্মান্তিক এ দুর্ঘটনা ঘটে। নিহত সানোয়ার হোসেন মেহেরপুর শহরের শিশুবাগান পাড়ার মৃত আইনুদ্দীনের ছেলে।

স্থানীয়রা জানান, ভ্যানচালক সানোয়ার হোসেন মেহেরপুর থেকে শোলমারীর দিকে যাচ্ছিলেন। পথিমধ্যে ফতেপুর ইয়াসিন আলীর ভাটার কাছে পৌছালে অপরদিক থেকে আসা একটি মাইক্রোবাসের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ভ্যানচালক সানোয়ার গুরুতর আহত হয়। স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করলে কর্তব্যরত চিকিৎসক ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। এর কিছুক্ষণের মধ্যে হাসপাতালেই তিনি মারা যান।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় আহত যুবকের মৃত্যু

অবশেষে মৃত্যুর কাছে হেরে গেলো তাওহিদুল আমিন শশী (২৫)। সড়ক দুর্ঘটনার পর আজ বৃহস্পতিবার (২২ আগষ্ট) ভোরের দিকে চিকিৎসাধীন অবস্থায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে মারা যান তিনি।

নিহত শশী মেহেরপুর শহরের ঘোষপাড়া এলাকার মোঃ সেলিমের ছেলে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কনি মিয়া পারিবারিক

সূত্রের বরাত দিয়ে এই তথ্য নিশ্চিত করেছেন।

গত ১৮ আগস্ট দিবাগত রাত ৮ মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসের সামনে মোটরসাইকেল দুর্ঘটনায় শশী মারাত্মক আহত হয়।

স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিয়ে যায়। ওই সময় তার অবস্থার অবনতি ঘটলে কর্তব্যরত চিকিৎসক তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। সেখানেই চিকিৎসাধিন অবস্থায় তার মৃত্যু হয়।